

# Summer Rising 2026



## নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য একটি বিনাখরচের গ্রীষ্মকালীন কর্মসূচি এবং শেখার অভিযান!

2025–26 শিক্ষা বছর জুড়ে NYC-তে বসবাসকারী K–8 গ্রেডের সকল শিক্ষার্থী আবেদন করার জন্য যোগ্য, এতে অন্তর্ভুক্ত বহুভাষী শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স), অভিবাসী শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ।

### সামার রাইজিং-এর সময়সীমা:

- K–5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য 1 জুলাই থেকে 14 অগাস্ট
- 6–8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য 1 জুলাই থেকে 6 কিংবা 7 অগাস্ট

এই তারিখগুলো পরিবর্তিত হতে পারে।

যেকোনো পরিবর্তন সরাসরি পরিবারদের মাঝে ঘোষণা দেয়া হবে।

### গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- 3 মার্চ, 2026: আবেদন গ্রহণ শুরু হবে
- 27 মার্চ, 2026: আবেদনের শেষ দিন
- 21 এপ্রিল, 2026: অফার প্রকাশ
- 1 জুলাই, 2026: সামার রাইজিং শুরু হবে

আরো তথ্যের জন্য, দেখুন:

[schools.nyc.gov/SummerRising](https://schools.nyc.gov/SummerRising)

শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষায়তনিক শেখায় সহায়তা দিতে এবং সমৃদ্ধকারী অভিজ্ঞতা প্রদান করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) এবং ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD) সামার রাইজিং 2026-এ অংশীদারিত্ব করছে। ফিল্ড ট্রিপ, আর্টস্ কর্মকাণ্ড, বাহিরে বিনোদন এবং আরও অনেক কিছুর পাশাপাশি, সকল শিক্ষার্থীকে বিনামূল্যে, পুষ্টিকর ব্রেকফাস্ট এবং লাঞ্চ পরিবেশন করা হবে।

**NYC** Public Schools

Delivering for you. Every day. Everywhere.

T-39508 (Bangla)

**DYCD**

The Department of Youth & Community Development

আরও তথ্যের জন্য উল্টো পৃষ্ঠা দেখুন ▶

# সামার রাইজিং 2026-এ কীভাবে আবেদন করবেন

## 1 MySchools.nyc দেখুন এবং আপনার সন্তানকে আপনার অ্যাকাউন্টে যোগ করুন।

- ইতোমধ্যে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট আছে? শুধু লগ ইন করুন!
- একটি অ্যাকাউন্ট তৈরি করতে, [MySchools.nyc](https://www.schools.nyc.gov/SummerRising) দেখুন এবং “Create New Account (নতুন অ্যাকাউন্ট তৈরি করুন)” -এ ক্লিক করুন। আবশ্যিক তথ্য প্রদান করুন।
- আপনার সন্তানকে আপনার অ্যাকাউন্টে যোগ করার জন্য, তার 9-রাশির স্টুডেন্ট আইডি (ID) নম্বর এবং মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির কোড প্রদান করুন। আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করে আপনি এই তথ্যটি পেতে পারেন।

## 2 আপনার সন্তানের আবেদনপত্রে বিভিন্ন প্রোগ্রাম যোগ করুন।

- আপনার সন্তানকে একটি অফার পাবার সেরা সুযোগ দিতে আপনার সন্তানের আবেদনপত্রে আপনার আগ্রহের সবগুলো প্রোগ্রাম যোগ করুন।
- আপনার সন্তানকে আপনি প্রকৃতপক্ষেই অংশগ্রহণ করতে দিতে চান শুধুমাত্র সেসব প্রোগ্রাম তালিকাভুক্ত করুন। সেগুলোকে আপনার প্রকৃত পছন্দের ক্রম অনুযায়ী ধারাক্রম বা র্যাংক করুন।

## 3 আপনার আবেদনপত্রটি জমা দিন।

- ভর্তি প্রক্রিয়া আগে এলে, আগে পাবেন ভিত্তিতে হয় না। **শুক্রবার, 27 মার্চ, রাত 11:59 PM**-এর মধ্যে আবেদন করুন—সকল আবেদন সমানভাবে বিবেচিত হবে।
- আপনার আবেদনপত্র জমা দেয়ার পর, এটি গৃহীত হয়েছে তা নিশ্চিত করে একটি ইমেইল পাবেন।
- ফলাফল এপ্রিলে প্রকাশ করা হবে। আপনার সন্তান একটি অফার লাভ করলে, তা গ্রহণ করতে ভুলবেন না।

কোনো প্রশ্ন বা সহায়তা প্রয়োজন আছে কি?

- [schools.nyc.gov/SummerRising](https://www.schools.nyc.gov/SummerRising) দেখুন
- আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

অপেক্ষা করবেন না! মঙ্গলবার, 3 মার্চ থেকে শুক্রবার, 27 মার্চের মধ্যে আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট ব্যবহার করে একটি সামার রাইজিং আসনের জন্য আবেদন করুন।

